

জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা।

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং- ৯৫৫০৮৭৩

প্রচার বিজ্ঞপ্তি নং-২৫৮/১৭

তারিখঃ ১৪/১১/২০১৭ ইং
৩০, কার্তিক ১৪২৪ বাং

সকল মহাব্যবস্থাপক/উপ- মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস, জনতা ভবন
কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়: Special Notice Deposit(SND) হিসাব পরিচালনা প্রসঙ্গে।

শিরোনামীয় বিষয়ে নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ২৭৪/১১ তারিখ ০৮/০৩/২০১১ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হল।

SND হিসাব পরিচালনার ক্ষেত্রে উক্ত সার্কুলারে বিভিন্ন বিধি-বিধান, নির্দেশনাসমূহ উল্লেখ করা আছে কিন্তু উক্ত হিসাব খোলার সময় ব্যাংক কর্তৃক সম্মানিত গ্রাহকগণকে যথাযথভাবে অবহিত না করানোর ফলে পরবর্তীতে SND হিসাবসমূহ নিয়মতান্ত্রিকভাবে পরিচালিত না হওয়ায় নানাবিধ সমস্যার/জটিলতার সৃষ্টি হয়।

SND হিসাব হতে টাকা উত্তোলন করার জন্য গ্রাহককে ন্যূনতম ৭দিন পূর্বে নোটিশ প্রদান করতে হয় অন্যথায় গ্রাহক উক্ত হিসাবে ঐ মাসের জন্য কোন সুদ/মুনাফা প্রাপ্য হয় না। প্রতিটি উত্তোলনের জন্যই পৃথকভাবে নোটিশ প্রদান করতে হয়। ব্যাংকে পিছনের তারিখযুক্ত (Back-Dated) নোটিশ গ্রহণের কোন সুযোগ বর্তমানে নাই।


T-24 সফটওয়্যার চালু হওয়ার পর হতেই SND হিসাবে সুদ প্রদানের ব্যাপারটি কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রণ করা হয়ে থাকে। এ ক্ষেত্রে শাখা কর্তৃক গ্রাহককে সুদ প্রদানের ক্ষেত্রে কোনরূপ সহযোগিতা করতে পারে না। নিয়ম বহিঃভূতভাবে হিসাব পরিচালনা করার জন্য SND হিসাবে কোটি কোটি টাকা আমানত থাকা সত্ত্বেও গ্রাহককে কোনরূপ সুদ প্রদান করা সম্ভব হয় না। ফলে ব্যাংকের বড় বড় গ্রাহকদের মধ্যে সুদ/মুনাফা না পাওয়ায় অসন্তোষ সৃষ্টি হয়, এমনকি অনেকে হিসাব বন্ধ করে অন্যত্র চলে যায়। ফলে শাখাটি লোকসানী শাখায় পরিণত হয় এবং ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়।


এমতাবস্থায় SND হিসাব পরিচালনার ক্ষেত্রে গ্রাহক ও ব্যাংকারের মধ্যে সুসম্পর্ক অক্ষুণ্ণ রাখার লক্ষ্যে স্ট্যাভিং কমিটি কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

“SND হিসাব খোলার সময় SND হিসাবে লেনদেন করার সকল নিয়মাবলী লিখিতভাবে গ্রাহককে অবহিত করতে হবে এবং গ্রাহকের নিকট হতে লিখিত সম্মতিপত্র গ্রহণ করতে হবে। লেনদেন চলাকালে কোন প্রকার ব্যত্যয় হলে তা লিখিতভাবে গ্রাহককে অবহিত করতে হবে।”

সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত বিজ্ঞপ্তি জারী করা হ'ল।

আপনার বিশ্বস্ত,


(মোঃ আবদুর রউফ)
উপ- মহাব্যবস্থাপক


(মোঃ শামসুল হক)
মহাব্যবস্থাপক